# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিঃ প্রধান প্রকৌশলীর দপ্তর
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
পানি ভবন, লেভেল-১
৭২, গ্রীন রোড, ঢাকা।
ফোনঃ +৮৮ ০২ ২২২২৩০০২২

www.bwdb.gov.bd

OFFICE OF THE ADD. CHIEF ENGINEER
TRAINING & HR DEVELOPMENT
PANI BHABON, Level-1
72, GREEN ROAD, DHAKA.
PHONE +88 02 222230022
e-mail : ctsd.bwdb@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৯৫৫; তারিখঃ ১৪/১১/২০২২ খ্রিঃ।

**বিগত ১৩/১১/২২ খ্রিঃ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো মহোদয়ের কক্ষে অনুষ্ঠিত ২০২২-২৩ অর্থ বছরের বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরনী।**

বিগত ১৩/১১/২২ খ্রিঃ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো মহোদয়ের কক্ষে ২০২২-২৩ অর্থ বছরের বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ২য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির আহবায়ক জনাব মোঃ ওয়াহিদ হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা। সভার উপস্থিতি তালিকা ***সংযুক্তি-০১***। সভার শুরুতে সভাপতি মহোদয় বাপাউবো'র সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহের বিষয়ে আলোকপাত করেন এবং মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এ অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমের ব্যাপারে মতামত উপস্থাপন করেন। সভায় সর্বসম্মতিক্রমে মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ বাপাউবো'র ওয়েবসাইটে আপলোডের বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হয়। অতঃপর কমিটির সদস্য সচিব, জনাব ড. মোঃ আবুল বাশার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) এর ৫১ নং অভ্যন্তরীন সেবা (ওয়াপদা ভবনস্থ সদর দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীর বসার স্থান উপযুক্তকরন) হালনাগাদকরণের ব্যাপারে তাঁর বক্তব্য উপস্থাপন করেন। উক্ত সেবাটি প্রদানে নিয়োজিত দপ্তর হতে আগত প্রতিনিধি জনাব মোঃ মনিরুজ্জামান, উপ-পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর মহোদয় এ ব্যাপারে তাঁর মতামত পেশ করেন। উক্ত বক্তব্যের আলোকে কমিটির সকল সদস্য সেবাটি হালনাগাদকরনের বিষয়ে একমত পোষন করেন। অতঃপর সভাপতি মহোদয় বাপাউবো'র নবনির্মিত পানি ভবনস্থ সদর দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের বসার স্থান উপযুক্তকরনের বিষয়টি বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্তকরনের বিষয়টি উপস্থাপন করেন। উক্ত সেবাটি প্রদানে নিয়োজিত দপ্তর হতে আগত প্রতিনিধি জনাব তৌহিদুর রহমান মজুমদার, উপ-বিভাগীয় প্রকৌঃ (পুর), ঢাকা পওর বিভাগ-২ এ ব্যাপারে তাঁর সম্মতি জ্ঞাপন করেন। কমিটির সকল সদস্য এই অন্তর্ভুক্তকরনের বিষয়টিতে একমত পোষন করেন। এছাড়া পূর্ববর্তী অর্থ বছরের বৈঠকসমূহের গৃহীত কার্যক্রমের অনুসরন ও অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়। বিগত সভাসমূহের গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়িত হওয়ায় কমিটি সন্তোষ প্রকাশ করে। উল্লিখিত বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে সকল সদস্যের সম্মতিক্রমে কমিটি নিম্নবর্ণীত সিদ্ধান্ত গ্রহণ করে।

<u>গৃহীত সিদ্ধান্তসমূহঃ</u>

১। অত্র ২০২২-২৩ অর্থবছরে সিটিজেন চার্টারে উল্লিখিত ৫১ নং অভ্যন্তরীন সেবা (ওয়াপদা ভবনস্থ সদর দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীর বসার স্থান উপযুক্তকরন) হালনাগাদকরনের বিষয়ে দায়িত্বপ্রাপ্ত দপ্তরের সহিত আলোচনাপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

২। বাপাউবো'র নবনির্মিত পানি ভবনস্থ সদর দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের বসার স্থান উপযুক্তকরনের বিষয়টি বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতির অভ্যন্তরীন সেবায় অন্তর্ভুক্ত করতে হবে।

৩। মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ বাপাউবো'র ওয়েবসাইটে আপলোড করতে হবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৪/১১/২২

(মোঃ ওয়াহিদ হোসেন)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও আহ্বায়ক, উক্ত কমিটি।

ডায়েরী নং ১৬৫৮ তারিখঃ ১৫/১১/২২
প্রোগ্রামার ১/২
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
আগামী পত্র দিন
১৫/১১/২০২২
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৯৫৫.১(৭); তারিখঃ ১৪/১১/২০২২ খ্রিঃ।

**বিতরন (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ**

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য-সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

০২। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য-সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো)।

০৪। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৫। নির্বাহী প্রকৌশলী (পুর), ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো, ঢাকা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

০৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

০৭। অফিস কপি/মাস্টার কপি।

(মোঃ মঈনুল ইসলাম)
সহকারী পরিচালক (প্রশাসন)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।

"সংযুক্তি-০৭"

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

"সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ২০২২-২৩ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক সভা

তারিখঃ ১৩ নভেম্বর, ২০২২ ইং।

স্থানঃ অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন মহোদয়ের কক্ষ (পানি ভবন, লেভেল-১, রুম-১০৭)

## হাজিরা বিবরনী

| নাম ও পদবী | অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| মোঃ ওয়াহিদ হোসেন<br>অতিঃ প্রধান প্রকৌঃ (চঃ দাঃ) | প্রধান, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, পাউবো, ঢাকা, | 13/11/22 |
| মো: মনিরুজ্জামান<br>উপ-পরিচালক | সম্পত্তি ও ব্যবহার পরিদপ্তর | 13/11/22 |
| তৌহিদুল ইসলাম মজুমদার<br>উপ-বিভাগীয় প্রকৌশলী | ঢাকা পওর বিভাগ-2 | 13/11/22 |
| মোঃ আবুল কালাম<br>উপ-বিভাগীয় প্রকৌশলী | প্রশাসনিক, প্রতিষ্ঠান<br>পাউবো, ঢাকা | 13/11/22 |
| মোঃ মনিরুল ইসলাম<br>সহঃ পরিচালক (প্রঃ) | প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, পাউবো, ঢাকা। | 13/11/22 |
| | | |
| | | |